# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

স্বামী বা ডাক্তার কি ইচ্ছামতো পুত্র বা কন্যা-সন্তান জন্মাতে পারে?

বিশেষ পদ্ধতিতে চেষ্টা করতে পারে মাত্র। বাকি সব কিছু আল্লাহ্‌র হাতে। তিনিই নিজ ইচ্ছামতো পুত্র-কন্যা , সুঠামাঙ্গ-বিকালাঙ্গ, সুন্দর-অসুন্দর সৃষ্টি করেন। তিনি বলেন, “তিনিই মাতৃগর্ভে যেভাবে ইচ্ছা তোমাদেরকে আকৃতি গঠন করেন। তিনি ব্যতীত অন্য কোন (সত্যিকার) উপাস্য নেই। তিনি প্রবল পরাক্রমশালী, প্রজ্ঞাময়।” (আলে ইমরানঃ ৬)
“আকাশমণ্ডলী ও পৃথিবীর সার্বভৌমত্ব আল্লাহরই। তিনি যা ইচ্ছা তাই সৃষ্টি করেন; তিনি যাকে ইচ্ছা কন্যা সন্তান দান করেন এবং যাকে ইচ্ছা পুত্র সন্তান দান করেন। অথবা দান করেন পুত্র-কন্যা উভয়ই এবং যাকে ইচ্ছা তাঁকে বন্ধ্যা ক’রে দেন। নিশ্চয় তিনি সর্বজ্ঞ সর্বশক্তিমান।”(শূরাঃ ৪৯-৫০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=24

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন